

# মুসলিম মিশন স্কুলগুলির কমন অ্যাডমিশন টেস্ট

তত্ত্বাবধায়ক : জি. ডি. চ্যারিটেবল সোসাইটি

জি.ডি. চ্যারিটেবল সোসাইটির তত্ত্বাবধানে পশ্চিমবাংলার মুসলিম -পরিচালিত কুড়িটি মিশন-স্কুল একযোগে একই সিলেবাসের ভিত্তিতে একটি **Common Admission Test (CAT)** বা একটি মাত্র ভর্তি -পরীক্ষা নেবার সিদ্ধান্ত গ্রহন করেছে। পরীক্ষার ফর্মে পরীক্ষার্থীরা কোন মিশনে ভর্তি হতে চায়, তাদের সেই **option** বা পছন্দ জানিয়ে দিতে পারবে। ফল প্রকাশের পর একটি জায়গাতেই সব মিশনের জন্য কাউন্সেলিং হবে। পরীক্ষায় তাদের র্যাংক (**Rank**) অনুযায়ী সফল পরীক্ষার্থীরা এই কুড়িটি মিশনে তাদের পছন্দের ক্রম অনুযায়ী যতক্ষণ আসন খালি থাকবে, ততক্ষণ তারা ভর্তির সুযোগ পাবে।

কমন অ্যাডমিশন টেস্ট (**CAT**) নেবার সিদ্ধান্তের ফলে অভিভাবক ও ছাত্রছাত্রীদের অনেকগুলি অসুবিধা দূর হবে। যেমন বিভিন্ন মিশনে ভর্তির জন্যে বিভিন্ন জায়গায় বিভিন্ন সিলেবাস ও প্রশ্নপত্রের মাধ্যমে বার বার আলাদা আলাদা ভর্তি -পরীক্ষা দিতে যাবার হয়রানি আর থাকবে না। এতে অনেকগুলি ফর্ম কেনা, যাতায়াত, খাকা-খাওয়া বাবদ পরীক্ষার খরচও বেঁচে যাবে। দুঃস্থ ও মেধাবী ছাত্রছাত্রীদের জন্য জি. ডি. স্কলারশিপ পাবার সুযোগও প্রতিটি মিশনেরই থাকবে। সেই জন্য কোনো বিশেষ একটি মিশনে ভর্তি হবার সুযোগ না পেলে দুশ্চিন্তার কোনো কারণ থাকবে না।

জি.ডি. চ্যারিটেবল সোসাইটির পক্ষ থেকে এই কুড়িটি মিশনের প্রতিটিতে পড়াশুনার মান, ভালো থাকার ব্যবস্থা, পুষ্টিকর খাওয়া-দাওয়া, খেলাধুলার সুযোগ, ইসলামি পরিবেশ, লাইব্রেরি -ল্যাবরেটরিসহ পরিকাঠামো ও পরিচালনা ব্যবস্থা প্রভৃতি সব কিছুর উন্নতির জন্য নিয়মিত পর্যবেক্ষণ, পরামর্শ ও আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। আশা করা যায় ইনশা আল্লাহ, আগামী দু-তিন বছরের মধ্যে সবকটি মিশনের সার্বিক মান অত্যন্ত উন্নত অবস্থায় পৌঁছাবে; প্রত্যেকটি মিশনই পরীক্ষায় অত্যন্ত ভালো ফল দেখাবে এবং প্রতিটি ছাত্রছাত্রীই প্রকৃত মানুষ গড়ে উঠবে।

কমন অ্যাডমিশন টেস্ট -এর মাধ্যমে এই কুড়িটি মিশনের মধ্যে পারস্পরিক সহযোগিতা, মতামত ও অভিজ্ঞতা বিনিময়ের একটি প্রক্রিয়া শুরু হয়েছে। আগামী দিনে সব বিষয়েই এই সহযোগিতা ও পরামর্শ বিনিময় আরো বৃদ্ধি পাবে, ইনশা আল্লাহ। এতে প্রতিটি মিশন এবং তাদের ছাত্রছাত্রীরা উপকৃত হবে। এই ঐক্যবদ্ধ প্রয়াস ও সংহতির ফলে পশ্চিমবাংলার মুসলমানদের মধ্যে শিক্ষার আন্দোলন সত্যিকার শক্তিশালী আন্দোলনের রূপ নেবে। তার ফলে আমাদের গোটা সমাজ ও দেশ সমৃদ্ধ হবেই আমাদের দৃঢ় বিশ্বাস।

অফিস : - পি-২২, দরগাহ রোড, পার্ক সার্কাস, (ডন বসকো স্কুলের নিকট), কলকাতা -৭০০০১৭

P-22, Dargah Road, Park Circus, (Near Don Bosco School), Kolkata -700017

Phone No.- 9563745684 / 7501761624 (Abdar Rahaman)

9831420421 (Wasifur Rahman)